



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের দপ্তর

বাংলাদেশ রেলওয়ে

পাহাড়তলী, চট্টগ্রাম-৪২০২।

ফোন: +৮৮(০৩১)-৬৫৯৬০৪, ই-মেইল: [ccspt@railway.gov.bd](mailto:ccspt@railway.gov.bd)

আরপিও নং ২৪৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
০১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: মজুদী দফা পণ্যের মজুদ পুনর্ভরণ সংক্রান্ত নীতিমালা পুন: নির্ধারণ এবং এ সংক্রান্ত অনুসরণীয় নির্দেশনা প্রণয়ন।

বাংলাদেশ রেলওয়ের ট্রেন পরিচালনা এবং বিভিন্ন বিভাগের দৈনন্দিন পরিচালন ও কারখানাসমূহের মেরামত কাজের জন্য প্রয়োজনীয় মজুদী দফাসমূহ সরঞ্জাম বিভাগ মজুদ পুনর্ভরণ নীতিমালা অনুযায়ী প্রতিনিয়ত ক্রয়/সংগ্রহ করে আসছে। বর্তমানে মজুদ পুনর্ভরণ (Stock Recoupment) সংক্রান্ত আরপিও নং ২৪৮ (তারিখ: ১৯/০৮/২০২১) অনুসরণ করা হচ্ছে। উক্ত আরপিও মোতাবেক মজুদ পুনর্ভরণ সূত্র নিম্নরূপ:

<b>(ক) Rule-1: দেশে উৎপাদিত হয় না বা দেশে আমদানীকৃত অবস্থায় পাওয়া যায় না এমন বৈদেশিক উৎস হতে আমদানীতবা মজুদী দফার ক্ষেত্রে (পূর্ব ও পশ্চিম উভয় অঞ্চলের জন্য):</b>	
<p>Re-order Point (REOPT)=Minimum Stock+ Safety Stock +Lead Time Stock = AMC X ( Minimum Stock factor + Safe Factor + Lead Time)</p> <p>REOPT =AMC X (6+6+9)=21 AMC, এবং</p> <p>Re-order Quantity (ROQ)= REOPT+ EPQ-(P.S + Dues) +P.D (if any) = 21 AMC + 6 AMC -(P.S +Dues) +P.D (if any) = 27 AMC -(P.S + Dues) +P.D (if any)</p> <p>Therefore, REOPT = 21 AMC ROQ = 27 AMC -(P.S + Dues) +P.D (if any)</p>	<p>Here, AMC= Average Monthly Consumption Minimum Stock factor = 6 months Safety Factor = 3 months Lead Time = 12 months EPQ = Economical Procurable Quantity= 6 AMC P.S = Present Stock Dues = Pipeline SR/PI/PO quantity not yet received P.D = Pending demand (Quantity for requisition placed but not complied due to shortage of stock)</p>
<b>(খ) Rule-2: দেশে উৎপাদিত হয় (বিসিক এবং রেলওয়ের নিজস্ব কারখানায় প্রস্তুতযোগ্যসহ) বা দেশীয় বাজারে আমদানীকৃত অবস্থায় পাওয়া যায় এমন সকল মজুদী দফার ক্ষেত্রে (পূর্ব ও পশ্চিম উভয় অঞ্চলের জন্য):</b>	
<p>Re-order Point (REOPT)=Minimum Stock+ Safety Stock +Lead Time Stock = AMC X ( Minimum Stock factor + Safe Factor + Lead Time)</p> <p>REOPT =AMC X (2+2+2)= 6 AMC</p> <p>এবং</p> <p>Re-order Quantity (ROQ)= REOPT+ EPQ-(P.S + Dues) +P.D (if any) = 6 AMC + 6 AMC -(P.S +Dues) +P.D (if any) = 12 AMC -(P.S + Dues) +P.D (if any)</p> <p>Therefore, REOPT = 6 AMC ROQ = 12 AMC -(P.S + Dues) +P.D (if any)</p>	<p>Here, AMC= Average Monthly Consumption Minimum Stock factor = 2 months Safety Factor = 2 months Lead Time = 2 months EPQ = Economical Procurable Quantity=6 AMC P.S = Present Stock Dues = Pipeline SR/PI/PO quantity not yet received P.D = Pending demand (Quantity for requisition placed but not complied due to shortage of stock)</p>

২। নিম্নলিখিত কারণে সদ্য জারীকৃত আরপিও এর আংশিক সংশোধন করবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে:

i. নীতিমালায় ব্যবহৃত প্রত্যয়ের সংজ্ঞা ও ব্যাখ্যা যুগোপযোগীকরণ: অনুচ্ছেদ ১ এ উল্লিখিত সূত্র দুটিতে ব্যবহৃত প্রত্যয়সমূহের (Terms) ব্যাখ্যা প্রদান এবং বর্তমান ক্রয় প্রেক্ষাপট (Context of Procurement) এর আলোকে কতিপয় প্রত্যয়ের নতুন সংজ্ঞা নির্ধারণ করা প্রয়োজন। Bangladesh Railway Support System (BRASS-I এবং BRASS-II) এর মাধ্যমে ইনভেন্টরি ব্যবস্থাপনায় সফটওয়্যার উন্নয়নের জন্য সকল প্রত্যয়ের গ্রহণযোগ্য ও দ্বিধামুক্ত সংজ্ঞা থাকা অপরিহার্য।

ii. মজুদ ব্যবস্থাপনায় অতীতমুখিতার (backward) পরিবর্তে ভবিষ্যতমুখী (forward) মজুদ পুনর্ভরণ নীতিমালার প্রয়োজনীয়তা: মজুদ শূন্যতা/ মজুদ ঘাটতি পরিহার করার স্বার্থে মজুদ পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত না হওয়া অবধি প্রচলিত অতীতমুখী (backward) পদ্ধতিতে গড় মাসিক খরচ (AMC) নির্ণয় না করে ভোক্তা বিভাগ কর্তৃক হালনাগাদকৃত বাৎসরিক খরচ (Annual Consumption) এবং ইম্প্রেস্ট মঞ্জুরী (Imprest Sanction) ভিত্তিতে ভবিষ্যতমুখী (forward) গড় মাসিক খরচ (AMC) নির্ণয় করা প্রয়োজন। প্রস্তাবের স্বপক্ষে যৌক্তিকতা নিম্নে পেশ করা হলো:

(ক) মজুদী (রেগুলার/ ইম্প্রেস্ট/ ইমারজেন্ট) দফাসমূহের মজুদ পরিস্থিতি বিশ্লেষণ করে দেখা যায়, অধিকাংশ আইটেমের মজুদস্থিতি সূত্রে বর্ণিত রি-অর্ডার পয়েন্টের অনেক নীচে এবং উল্লেখযোগ্য সংখ্যক আইটেমের মজুদ শূন্যতা বিদ্যমান। মজুদ শূন্যতা/ মজুদ ঘাটতি থাকায় কারখানার আউটটার্গ/ ট্রেন পরিচালনা নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে ব্যবহারকারী কর্তৃক বিকল্প উপায়ে সংগৃহীত মজুদী দফার খরচের তথ্য ব্রাস সিস্টেমে বিবেচনা করা হচ্ছে না।

(খ) কোভিড-১৯ অতিমারির প্রভাবে বিগত তিন বছরের মধ্যে প্রায় ১৮ মাস ট্রেন চলাচল/ কারখানা উৎপাদন সীমিত থাকায় সে সময়ের খরচ উল্লেখযোগ্যভাবে কম ছিল। তাই এই সময়কে হিসাবভুক্ত করে নির্ণীত গড় মাসিক খরচ (Average Monthly Consumption) ভবিষ্যত চাহিদাকে প্রতিফলিত (represent) করে না।

4

(গ) বর্তমান রি-অর্ডার পয়েন্ট সিস্টেমে ভোক্তা বিভাগ কর্তৃক কোন আইটেমের বাৎসরিক খরচ (Annual Consumption) এবং ইম্প্রেস্ট মঞ্জুরী (Imprest Sanction) বৃদ্ধি/হ্রাস করা হলেও মজুদ পুনর্ভরণ তথা ক্রয়/সংগ্রহ কার্যক্রমে এর কোন প্রভাব থাকে না। ফলে ভোক্তার প্রকৃত চাহিদানুযায়ী মজুদ পুনর্ভরণ তথা ক্রয়/সংগ্রহ করা সম্ভব হয়না। এতে মজুদ ঘাটতি/শূন্যতা দেখা দেয়। এই কারণে মজুদ ব্যবস্থাপনায় অতীতমুখিতার (backward) পরিবর্তে ভবিষ্যতমুখী (forward) মজুদ পুনর্ভরণ নীতিমালা একান্ত অপরিহার্য।

- iii. পণ্যের উৎস (source), বাজার ব্যবস্থা (Market structure), প্রাপ্যতা (availability) এবং প্রকৃতি (type) বিবেচনায় লিড টাইম পুনর্নির্ধারণ: অনুমোদিত সরবরাহকারীর নিকট হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) বা সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) প্রয়োগে ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়াকরণে প্রয়োজনীয় সময় অপেক্ষা উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) প্রয়োগে অননুমোদিত সরবরাহকারীর নিকট হতে পণ্য ক্রয়ের দরপত্র প্রক্রিয়াকরণ ও চুক্তিকৃত পণ্য প্রাপ্তিতে উল্লেখযোগ্যভাবে অধিক সময় প্রয়োজন হয়ে থাকে। তাই অনুচ্ছেদ-১(ক) এ উল্লিখিত সূত্রটি শুধুমাত্র বিসিক নীতিমালার ভিত্তিতে অনুমোদিত/তালিকাভুক্ত সরবরাহকারীর নিকট হতে বিশেষায়িত পণ্য এবং বাজারে সচরাচর তৈরীকৃত অবস্থায় প্রাপ্তি যোগ্য আইটেমের জন্য প্রযোজ্য রেখে অন্যান্য আইটেমের জন্য বাস্তবতার নিরিখে লিড টাইম যুক্তিসঙ্গতভাবে পুনরায় নির্ধারণ করে পৃথক একটি সূত্র প্রণয়ন করা প্রয়োজন।
- iv. নীতিমালায় MOQ (Minimum Order Quantity) এর প্রভাব সংযোজন: কিছু আইটেমের জন্য ক্রয়কারী দপ্তরে MOQ (Minimum Order Quantity) সংরক্ষণ করা হয়। এটি পারচেজ ইন্ডেন্ট তৈরীর সময়েই বিবেচিত হওয়া বাঞ্ছনীয়। তাই মজুদ পুনর্ভরণ সূত্রে এটি সন্নিবেশিত করা প্রয়োজন।
- v. ইমারজেন্ট আইটেমের জন্য পৃথক সূত্র সংযোজন: ইতোপূর্বে জারীকৃত আরপিওসমূহে ইমারজেন্ট হিসেবে ঘোষিত আইটেমের জন্য মজুদ পুনর্ভরণ সূত্র না থাকায় এ সংক্রান্ত একটি সূত্রও প্রণয়ন করা একান্ত প্রয়োজন।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে সার্বিক বিবেচনায়, মজুদ শূন্যতা পরিহার করে মজুদী আইটেমসমূহের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণের নিমিত্ত মজুদ পুনর্ভরণ (Stock Recoupment) সংক্রান্ত প্রত্যয়সমূহ (Terms) নিম্নরূপে সংজ্ঞায়িত করা হলো:

$$\text{Re-order Point (REOPT)} = \text{Minimum Stock} + \text{Safety Stock} + \text{Lead Time Stock}$$

$$= \text{Average Monthly Consumption} \times (\text{Minimum Stock factor} + \text{Safety Factor} + \text{Lead Time}), \text{ এবং}$$

$$\text{Re-order Quantity (ROQ)} = \text{REOPT} + \text{EPQ} - (\text{P.S} + \text{Dues}) + \text{P.D (if any)}$$

Where,

- **REOPT (Re-order Point)** = REOPT is the point of stock level at or below which Stock Recoupment (SR) requisition to be placed for stock replenishment.
- **AMC (Average Monthly Consumption)** = AMC is the average consumption of a specific item per month and it shall be based on both last consumption pattern and sanctioned Annual Consumption (AC/ Imprest/ Emergent) approved by the HoD of concerned consuming department.
  - **AMC<sub>1</sub> (based on last consumption pattern)** = (last 3 Calendar Year's Consumption plus Current Calendar Year's consumption) / (36 plus Number of months elapsed in current Calendar Year minus Out of Stock period in month) and
  - **AMC<sub>2</sub> (based on AC and Imprest i.e. Annual Consumption sanctioned by HoD)** = (Annual Consumption / 12 + Bi-monthly Imprest qty. / 2), Here AC will be calculated considering the demand of adjacent workshop only. Bi-monthly Imprest Quantity shall be the sum of all Imprest holder's sanctioned quantities.

Therefore,

**AMC=AMC<sub>1</sub>**, when Out of Stock period is less than 6 months (OS < 6 months) during the period under consideration for AMC calculation; and

**AMC=AMC<sub>2</sub>**, when Out of Stock period is equal to or greater than 6 months (OS ≥ 6 months) during the period under consideration for AMC calculation, as in this case AMC<sub>1</sub> is not representative of the actual demand.

- **Minimum Stock** = bottom-line below which stock normally should not come down.
- **Safety Stock** = Stock held to meet unforeseen demand, supply failure/ supplier's failure or any other contingencies.
- **Lead Time:** Estimated total time needed for recoupment i.e time from the SR initiation to receipt of materials at the stocking depot.
- **EPQ (Economical Procurable Quantity)** = The quantity empirically decided by the Procuring Entity to enable bulk purchase through competitive tendering with a view to achieve economy in procurement processing and stock holding. This may be taken as equal to 6 months for Local Approved items for which there are enlisted suppliers and 12 AMC for all other (Items)
- **P.S (Present Stock)** = Net stock available (excluding unserviceable stock if any) at the time of Stock Recoupment (SR) initiation.
- **Dues** = Total quantity for which SR/PI/PO placed but material has not yet been received by depot.
- **P.D (Pending Demand)** = Total quantity for which requisition is placed to depot but not complied due to shortage of stock.
- **MOQ** = Minimum Order Quantity, if any items has any minimum quantity for SR initiation approved by the concerned Procuring entity, for technical or any other reason(s).

8। অনুচ্ছেদ-২ এর বর্ণনার প্রেক্ষিতে পণ্যের উৎস (source), বাজার ব্যবস্থা (market structure), প্রাপ্যতা (availability) এবং প্রকৃতি (type) বিবেচনায় নিম্নরূপ মজুদ পুনর্ভরণ নীতিমালা প্রণয়ন করা হলো:

(ক) **Rule-1:** দেশে উৎপাদিত হয় না বা দেশে আমদানীকৃত অবস্থায় পাওয়া যায় না এমন বৈদেশিক উৎস হতে আমদানীতব্য মজুদী দফা এবং বাংলাদেশ রেলওয়ের স্পেশিফিকেশন অনুযায়ী বাজারে পাওয়া যায় না তবে আমদানীকৃত/ দেশীয় কাঁচামাল হতে স্থানীয়ভাবে প্রস্তুতপূর্বক সরবরাহযোগ্য (বাংলাদেশ রেলওয়ের নিজস্ব কারখানায় প্রস্তুতযোগ্য আইটেমসহ) এমন আইটেমসমূহের ক্ষেত্রে:

<p>Re-order Point (REOPT)=Minimum Stock+ Safety Stock +Lead Time Stock = AMC X ( Minimum Stock factor + Safe Factor + Lead Time)</p> <p>REOPT =AMC X (6+3+12)=21 AMC, এবং</p> <p>Re-order Quantity (ROQ)= REOPT+ EPQ-(P.S + Dues) +P.D (if any) = 21 AMC + 12 AMC -(P.S +Dues) +P.D (if any) = 33 AMC -(P.S + Dues) +P.D (if any)</p> <p>Therefore, considering MOQ REOPT = 21 AMC, এবং</p> <p>ROQ = 33 AMC -(P.S + Dues) +P.D (if any) অথবা, MOQ, যেটি অধিক, তবে ROQ 24 AMC এর বেশী নয়।</p>	<p>Here,</p> <p>Minimum Stock = 6 AMC</p> <p>Safety Stock = 3 AMC</p> <p>Lead Time = 12 months</p> <p>EPQ = 12 AMC</p> <p>P.S (Present Stock) = Net stock available (excluding unserviceable stock if any) at the time of SR initiation.</p> <p>Dues = Total quantity for which SR/PI/PO placed but material has not yet been received by depot.</p> <p>P.D (Pending Demand) = Total quantity for which requisition is placed to depot but not complied due to shortage of stock.</p> <p>MOQ= Minimum Order Quantity, if any items has any minimum quantity for SR initiation approved by the concerned Procuring entity, for technical or any other reason(s).</p>
---	---

(খ) **Rule-2:** আমদানী বিকল্প স্থানীয় প্রস্তুতকারী/ ডেপ্তর অনুমোদন নীতিমালার ভিত্তিতে অনুমোদিত/ তালিকাভুক্ত সরবরাহকারীর নিকট হতে বিশেষায়িত পণ্য ক্রয়/ সংগ্রহযোগ্য আইটেম এবং ফরমস এন্ড স্টেশনারী, রাবার জাতীয় আইটেমের ক্ষেত্রে:

<p>Re-order Point (REOPT)=Minimum Stock+ Safety Stock +Lead Time Stock = AMC X ( Minimum Stock factor + Safe Factor + Lead Time)</p> <p>REOPT =AMC X (2+2+4)= 8 AMC, এবং</p> <p>Re-order Quantity (ROQ)= REOPT+ EPQ-(P.S + Dues) +P.D (if any) = 8 AMC + 6 AMC -(P.S +Dues) +P.D (if any) = 14 AMC -(P.S + Dues) +P.D (if any)</p> <p>Therefore, considering MOQ REOPT = 8 AMC, এবং</p> <p>ROQ = 14 AMC -(P.S + Dues) +P.D (if any) অথবা, MOQ, যেটি অধিক, তবে ROQ = 12 AMC এর বেশী নয়।</p>	<p>Here,</p> <p>Minimum Stock = 2 AMC</p> <p>Safety Stock = 2 AMC</p> <p>Lead Time = 4 months</p> <p>EPQ = 6 AMC</p> <p>P.S (Present Stock) = Net stock available (excluding unserviceable stock if any) at the time of SR initiation.</p> <p>Dues = Total quantity for which SR/PI/PO placed but material has not yet been received by depot.</p> <p>P.D (Pending Demand) = Total quantity for which requisition is placed to depot but not complied due to shortage of stock.</p> <p>MOQ= Minimum Order Quantity, if any items has any minimum quantity for SR initiation approved by the concerned Procuring entity, for technical or any other reason(s).</p>
---	---

(গ) **Rule-3:** সকল ইমারজেন্ট আইটেমের ক্ষেত্রে (পূর্ব ও পশ্চিম উভয় অঞ্চলের জন্য):

<p>Re-order Point (REOPT) = Present Stock&lt; Emergent Quantity, এবং</p> <p>Re-order Quantity (ROQ) = Emergent Quantity (E.Q)- Present Stock (P.S)</p>	<p>This formulae shall be used for Imprest items, for which Annual Consumption (A.C) and Imprest sanction both are Zero.</p>
--	--

(ঘ) **Rule-4:** কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানার জন্য জিওএইচ এবং আর এন্ড আর প্রোগ্রামের বিপরীতে ডিজেল যন্ত্রাংশের চাহিদার ক্ষেত্রে :

<p>Re-order Point (REOPT) = 30 months ahead programme year.</p> <p>Re-order Quantity (ROQ) , Primary = Kit Qty * Number of Loco</p> <p>Re-order Quantity (ROQ) , Final = Vetted Qty - free available PS at CLW - MTI qty from other depot to meet this demand.</p> <p><b>Notes:</b></p> <ul style="list-style-type: none"> <li>&gt; JDG-Loco shall send copy of approved Annual Maintenance Programme of CLW to Inventory Control Cell (ICC), at least 2.5 years ahead of the programme.</li> <li>&gt; Kit list should be kept updated in BRASS-I by JDG-Loco office.</li> <li>&gt; SR shall be initiated by CLW stores depot according to the Reorder Point and Re-order Quantity mentioned above. This SR shall be treated as Primary Indent by ICC.</li> <li>&gt; ICC shall send the Primary PI to JDG-Loco for quantity vetting.</li> <li>&gt; ICC shall be intimated the vetted quantity by JDG-Loco office through BRASS-I or signed hardcopy.</li> <li>&gt; ICC shall prepare final Purchase Indent (PI) and send to the concerned Procuring Entity considering free available PS at CLW that may be kept 'On hold' and PS of all stocking depots that may be transferred to CLW to meet the demand against this specific programme.</li> </ul>
--

(ঙ) **Rule-5:** যে সকল আইটেম ফ্রেমওয়ার্ক কন্ট্রোল বা এক/ একাধিক বছরের জন্য সিডিউলড ডেলিভারির ভিত্তিতে ক্রয় করা হবে মর্মে নীতিগত সিদ্ধান্ত আইসিসিকে অবহিত করা হবে সে সকল আইটেম নীতিগত সিদ্ধান্তের আলোকে বার্ষিক চাহিদার ভিত্তিতে এক বা একাধিক বছরের জন্য একসাথে চাহিদা প্রদান করতে হবে। বিস্তারিত ডেলিভারি সিডিউল ক্রয় চুক্তিতে উল্লেখ থাকবে। এরূপ সকল আইটেমের ক্ষেত্রে:

Re-order Point (REOPT) = 21 AMC

Re-order Quantity (ROQ) , Primary = (AC+ Imprest Qty)\* Number of year

Re-order Quantity (ROQ) , Final = Vetted Qty - free available PS at CLW - MTL qty from other depot to meet this demand.

**Notes:**

- Concerned HOD office shall finalise locomotive series-wise list of such items and send to concerned Procuring Entity and ICC.
- ICC shall notify all concerned stores depot to prepare SR based on updated AC and Imprest Sanction and send to ICC
- ICC shall prepare Primary Purchase Indent (PI) and send it to concerned HoD for vetting.
- ICC shall be intimated the vetted quantity by HoD office through BRASS-I/BRASS-II or signed hardcopy.
- ICC shall prepare final Purchase Indent (PI) and send to the procuring office considering free available all stocking depots that may be transferred to meet the specific demand.
- Frame-work agreement/ Contract Agreement shall be signed by concerned Procuring Entity office as per the PPR, 2008 and supplier shall deliver the goods against 'Call Off(s)'/ 'Piecemeal Purchase Order' according to the agreement .
- Concerned stocking depot shall send delivery request to ICC at an interval of 4 months or 'as and when required' basis .
- ICC shall send request to PE office for placing specific Call Off(s)'/ 'Piecemeal Purchase Order' against the frame-work agreement/ contract agreement.
- 'Call Off(s)'/ 'Piecemeal Purchase Order' shall be placed on the supplier on getting request for supply from ICC.
- Supplier shall deliver the goods to concerned depot as per the 'Call Off(s)'/ 'Piecemeal Purchase Order'.

**Rule-6: বিশেষ চাহিদাপত্রের বিপরীতে মজুদ পুনর্ভরণ চাহিদা বা ক্রয়/চাহিদা প্রদানের ক্ষেত্রে:**

বিশেষ চাহিদাপত্র পদানের ক্ষেত্রসমূহ নিম্নরূপ:

(ক) **মজুদী দফা:** কোন বিশেষ কারণে কোন মজুদী দফার চাহিদা প্রচলিত ইনভেন্টরি নীতি অনুযায়ী উৎপন্ন/ প্রদত্ত চাহিদা অপেক্ষা বেশী হলে ভোক্তাবিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে বিশেষ চাহিদাপত্র প্রদান করা যাবে অর্থাৎ এ ক্ষেত্রে,

Re-order Point (REOPT)= at any Present Stock Level এবং

Re-order Quantity (ROQ)= Special Requisition Qty

অনুসরণীয় পদ্ধতি নিম্নরূপ:

- i. ব্যবহারকারী বিভাগীয় কর্মকর্তা নির্ধারিত ছকে চাহিদা প্রস্তুতপূর্বক তাঁর বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত চাহিদাপত্র সংশ্লিষ্ট ফিডার ডিপোতে দাখিল করবে।
- ii. ফিডার ডিপো এই চাহিদাকে বিশেষ চাহিদাপত্র বিবেচনাপূর্বক সমপরিমাণের জন্য মজুদ পুনর্ভরণ (এসআর) চাহিদা প্রণয়ন করে আইসিসিতে প্রেরণ করবে এবং চাহিদা পত্রটিকে পেন্ডিং ডিম্যান্ড হিসেবে গণ্য করবে।
- iii. আইসিসি অন্যান্য ডিপোর বর্তমান মজুদ স্থিতি বিবেচনায় নিয়ে ক্ষেত্রমত পারচেজ ইন্ডেন্ট (পিআই)/ সপমেইড ইন্ডেন্ট (এসএমআই)/ এমটিআই করে বিশেষ চাহিদার মজুদ পুনর্ভরণের ব্যবস্থা গ্রহণ করবে।
- iv. ডিপো কর্তৃক এই আইটেমের সরবরাহ গৃহীত হলে পেন্ডিং ডিম্যান্ড এর বিপরীতে ভোক্তার অনুকূলে সরবরাহ করবে।

(খ) **অমজুদী দফা:** মজুদী দফা হিসেবে ঘোষিত নয় এমন কোন পণ্যের চাহিদা প্রদানের ক্ষেত্রে ভোক্তাবিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে বিশেষ চাহিদাপত্র প্রদান করা যাবে অর্থাৎ এ ক্ষেত্রে,

Re-order Point (REOPT)= Not Applicable এবং Re-order Quantity (ROQ)= Special Requisition Qty

অনুসরণীয় পদ্ধতি নিম্নরূপ:

- i. ব্যবহারকারী বিভাগীয় কর্মকর্তা নির্ধারিত ছকে চাহিদা প্রস্তুতপূর্বক তাঁর বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত চাহিদাপত্র (বিস্তারিত স্পেসিফিকেশন, ড্রয়িং ইত্যাদিসহ) সংশ্লিষ্ট ফিডার ডিপোতে দাখিল করবে।
- ii. ফিডার ডিপো বিশেষ চাহিদাপত্র পরীক্ষা-নিরীক্ষান্তে অমজুদী দফা মর্মে নিশ্চিত হলে অমজুদী দফার জন্য প্রযোজ্য রেজিস্টার পরিপালনপূর্বক সাময়িক 'নন-স্টক বিআর আইটেম' বরাদ্দ প্রদানের জন্য আইসিসিতে অনুরোধ দাখিল করবে।
- iii. 'নন-স্টক বিআর আইটেম' বরাদ্দ প্রাপ্তির পর ফিডার ডিপো এই চাহিদাকে বিশেষ চাহিদাপত্র বিবেচনাপূর্বক সমপরিমাণের জন্য 'নন-স্টক বিশেষ মজুদ' (এসআর) চাহিদা প্রণয়ন করে আইসিসিতে প্রেরণ করবে এবং চাহিদা পত্রটিকে পেন্ডিং ডিম্যান্ড হিসেবে গণ্য করবে।
- iv. আইসিসি এই 'নন-স্টক বিশেষ মজুদ' (এসআর) চাহিদার বিপরীতে ক্ষেত্রমত পারচেজ ইন্ডেন্ট (পিআই)/ সপমেইড ইন্ডেন্ট (এসএমআই)/ এমটিআই করে বিশেষ চাহিদার মজুদ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে।
- v. ডিপো কর্তৃক এই আইটেমের সরবরাহ গৃহীত হলে পেন্ডিং ডিম্যান্ড এর বিপরীতে ভোক্তার অনুকূলে সরবরাহ করবে।

বি.দ্র:


- (i) BRASS-I ও BRASS-II এ এসআর/ পিআই প্রদানের সময় ডিপো কর্মকর্তা/ আইসিসি এসআর/ পিআই পরিমাণ অধিকতর যুক্তিযুক্ত করার নিমিত্ত মন্তব্য কলামে যৌক্তিকতা লিপিবদ্ধ করত: এসআর/পিআই পরিমাণ নির্ধারণ করতে পারবে।
- (ii) কোন আইটেমের এসি বাতিল বা মজুদীকরণ বাতিল করা হলে তার জন্য Rule-6: ব্যতীত অন্য ক্ষেত্রে কোন এসআর/পিআই তৈরী/প্রেরণ করা যাবে না।

- (iii) কোন আইটেম নতুনভাবে মজুদী আইটেম হিসেবে মঞ্জুরী প্রদান করা হলে আইটেমটির প্রকৃত খরচের প্যাটার্ন অনুধাবনের জন্য প্রথম তিন বছর বার্ষিক মঞ্জুরী (এসি+বার্ষিক ইম্প্রস্ট) পরিমাণের জন্য এসআর প্রদান করতে হবে। এরপর প্রযোজ্য ইনভেন্টরি পলিসি বা সূত্র অনুযায়ী নিয়মিতভাবে এসআর প্রদান করতে হবে।
- (iv) কোন মজুদী আইটেমের জন্য এসি/ ইম্প্রস্ট/ ইমার্জেন্ট পরিমাণ হাস/বৃদ্ধি করে সংশোধিত মজুদী আবেদন দাখিল করা হলে তার বিপরীতে সংশোধন অনুযায়ী BRASS-I ও BRASS-II হালনাগাদের কাজ আইসিসি দ্বারা সম্পাদন করা হবে এবং সংশ্লিষ্ট মজুদী ডিপোকে অবহিত করা হবে। মজুদী ডিপো মজুদাবস্থা এবং নতুন মঞ্জুরী অনুযায়ী মজুদপুনর্ভরণের জন্য প্রয়োজন হলে এসআর প্রদান করবে।
- (V) সপমেইড আইটেমের ক্ষেত্রে একই নিয়মে এসআর প্রদান করতে হবে, তবে আইসিসি কর্তৃক পারচেইজ ইন্ডেন্ট এর পরিবর্তে সংশ্লিষ্ট কারখানার অনুকূলে সপ মেইড ইন্ডেন্ট (এসএমআই) প্রদান করতে হবে।

- ৫। মজুদী আইটেমসমূহের সঠিক ইনভেন্টরি পরিপালন তথা সঠিক সময়ে সঠিক পরিমাণে মজুদ পুনর্ভরণ (Stock Recoupment) নিশ্চিত করা এই আরপিও এর প্রধান উদ্দেশ্য; যাতে করে মালামালের অভাবে ভোক্তার দৈনন্দিন মেরামত ও সংরক্ষণ কাজ বা দৈনন্দিন পরিচালন ব্যহত না হয় আবার অতিরিক্ত মজুদদের দ্বারা মূলধন আটক না হয়। এই উদ্দেশ্য সফল করার স্বার্থে সংশ্লিষ্ট সকলকে পরবর্তী অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- ৬। মজুদীকরণ আবেদন (Stocking Application) দাখিলের সময় বার্ষিক খরচ বা Annual Consumption (A.C), ইম্প্রস্ট মঞ্জুরী (Imprest sanction) এবং ইমার্জেন্ট আইটেম (Emergent Quantity) বিচক্ষণতার সাথে নির্ধারণ এবং নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও হালনাগাদকরণ:
- (ক) কোন আইটেমের নিয়মিত খরচ থাকলে এবং মজুদী দফা হিসেবে নিয়মিত মজুদ করার প্রয়োজন হলে ভোক্তা বিভাগ বর্তমানে বিদ্যমান সম্পদের মেরামত ও সংরক্ষণ কাজ এবং পরিচালন কাজসহ নিকট ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় মেরামত ও সংরক্ষণ কাজ এবং সম্ভাব্য নতুন পরিচালন কর্মসূচী বিবেচনায় নিয়ে বার্ষিক খরচ বা Annual Consumption (A.C) বিচক্ষণতার সাথে নির্ধারণ করে নির্ধারিত ছকে/অনলাইনে মজুদীকরণ আবেদন (Stocking Application) করবে। অনুরূপভাবে কোন মজুদী দফা আর মজুদ করার প্রয়োজন না থাকলে নির্ধারিত ছকে/অনলাইনে মজুদ বাতিলকরণ আবেদন (Stocking Cancellation) করতে হবে।
- (খ) বার্ষিক খরচ বা Annual Consumption (A.C) বলতে ভোক্তা বিভাগ কর্তৃক কোন আইটেম মজুদী দফা হিসেবে মজুদীকরণ আবেদনপত্র (Stocking Application) এ উল্লিখিত ভোক্তার বিভাগীয় প্রধান (HoD) কর্তৃক অনুমোদিত বার্ষিক খরচের পরিমাণ বা ভোক্তা বিভাগের বিভাগীয় প্রধান (HoD) এর অনুমোদনক্রমে পরবর্তিতে হালনাগাদকৃত বার্ষিক খরচের পরিমাণ বুঝাবে। মজুদ পুনর্ভরণ চাহিদার ক্ষেত্রে বার্ষিক খরচ বলতে এক পঞ্জিকাবর্ষের খরচ বুঝাবে তবে ভোক্তাকে মালামাল ইস্যুর ক্ষেত্রে এক অর্ধবছরের খরচ বুঝাবে। ইম্প্রস্ট হোল্ডারগণের চাহিদা এসি-র অন্তর্ভুক্ত না করে তা আলাদাভাবে হিসাবভুক্ত করতে হবে।
- (গ) ভোক্তা বিভাগ কর্তৃক নির্ধারিত/ অনুমোদিত বার্ষিক খরচ (Annual Consumption), ইম্প্রস্ট মঞ্জুরী (Imprest sanction) এবং ইমার্জেন্ট আইটেম (Emergent Quantity) বিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
- (i) মজুদী আইটেমের তথ্য হালনাগাদ/ সংশোধন করার বিষয়টি সহজীকরণের জন্য ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) কর্তৃক বিআর আইটেম নম্বর বরাদ্দকরণ/ মজুদীকরণ আবেদন/ হালনাগাদকরণ/ মজুদ বাতিলকরণ প্রক্রিয়া সংক্রান্ত একটি নতুন Stocking Management Application মডিউল যুক্ত করে Bangladesh Railway Automated Support System (BRASS-I ও BRASS-II) উন্নয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে BRASS-I ও BRASS-II তে নিবন্ধন গ্রহণ করতে হবে এবং অটোমেটেড Stocking Management মডিউল ব্যবহার করে নিয়মিতভাবে এসি/ ইম্প্রস্ট/ ইমার্জেন্ট পরিমাণসহ মজুদী আইটেম সংক্রান্ত অন্যান্য প্যারামিটার BRASS-I ও BRASS-II তে লগইন করে অনলাইনে হালনাগাদ/সংশোধন করতে হবে।
- (ii) নতুন বিআর আইটেম নম্বর বরাদ্দকরণ/ মজুদীকরণ আবেদন/ হালনাগাদকরণ/ মজুদ বাতিলকরণ প্রক্রিয়ায় ব্যবহৃত Stocking Management মডিউল এর সাথে সংশ্লিষ্ট ফরমসমূহ ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) কর্তৃক সকল ভোক্তা বিভাগকে প্রেরণ করা হয়েছে। ফরমসমূহ অনলাইনে BRASS-I ও BRASS-II তে লগইন করেও ডাউনলোড করা যাবে। ভোক্তা বিভাগ উক্ত ছক/ফরমসমূহ ব্যবহার করে আইসিসিতে পত্র প্রেরণ করেও মজুদী আইটেমের এসি/ ইম্প্রস্ট রিভিশনসহ অন্যান্য প্রয়োজনীয় সংশোধনী/ হালনাগাদ সম্পন্ন করতে পারবে।
- (iii) ভোক্তা বিভাগ কর্তৃক নির্ধারিত/ অনুমোদিত বার্ষিক খরচ (Annual Consumption), ইম্প্রস্ট মঞ্জুরী (Imprest sanction) এবং ইমার্জেন্ট আইটেম (Emergent Quantity) বিভাগীয় প্রধানের অনুমোদনক্রমে নিয়মিতভাবে হালনাগাদ করার প্রক্রিয়া অটোমেটেড হওয়াতে খুব সহজে এবং কম সময়ে কোন আইটেমের অনুমোদিত বার্ষিক খরচ ও ইম্প্রস্ট মঞ্জুরী হালনাগাদ করা যায় বলে মজুদ নিয়ন্ত্রণ ও ব্যয় নিয়ন্ত্রণের স্বার্থে স্টোর কোডের সংস্থান অনুযায়ী কোন মজুদী আইটেমের চাহিদাপত্র/ইস্যু নোট প্রস্তুতের প্রাক্কালে অনুমোদিত বার্ষিক খরচ/ ইম্প্রস্ট মঞ্জুরী বিবেচনা করতে হবে।
- (ঘ) স্টোরস কোডের বিধান অনুযায়ী কোন মজুদী আইটেমের মজুদ সংকটাপন্ন হলে সংশ্লিষ্ট মজুদী ডিপো আইসিসি বরাবরে হলুদ সতর্কতা সংকেত এবং মজুদ শূন্যতার ক্ষেত্রে লাল বিপদ সংকেত প্রেরণ করবে। আইসিসি সংকেত অনুযায়ী জরুরী এমটিআই করে চাহিদাপূরণের উদ্যোগ গ্রহণ করবে। যদি এমটিআই করার মত মজুদ অন্য কোন ডিপোতে না থাকে তবে আইসিসি সংশ্লিষ্ট ক্রয়কারী/প্রস্তুতকারী কারখানা বরাবরে হলুদ সতর্কতা সংকেত এবং মজুদ শূন্যতার ক্ষেত্রে লাল বিপদ সংকেত প্রেরণ করবে। সংশ্লিষ্ট ক্রয়কারী/ প্রস্তুতকারী কারখানা বিশেষ ব্যবস্থা গ্রহণ করে মজুদী আইটেম দ্রুততার সাথে ক্রয়/সংগ্রহ বা প্রস্তুত ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে।
- (ঙ) সুষ্ঠু সরঞ্জাম ব্যবস্থাপনার স্বার্থে সাধারণত ভোক্তা বিভাগ কর্তৃক কোন মজুদী দফা ক্রয়/সংগ্রহ করা হবে না। তবে অপরিহার্য ক্ষেত্রে সরঞ্জাম বিভাগ (ডিপো/আইসিসি) হতে মজুদশূন্যতা/ মজুদ সংকট সনদ (Out of Stock certificate) এর ভিত্তিতে সাময়িকভাবে চাহিদাপূরণের জন্য ক্রয়/ সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট ডিপো কেবলমাত্র মালামালের চাহিদাপত্র প্রাপ্তির পর সরবরাহে অপারগতার ক্ষেত্রে প্রচলিত কোড/বিধি/নির্দেশনার আলোকে অনুরূপ সনদ ইস্যু করবে।

- ৭। Bangladesh Railway Automated Support System (BRASS-I ও BRASS-II) এর মাধ্যমে যথাক্রমে ডিজেল/ নন-ডিজেল সকল মজুদী আইটেমের ইনভেন্টরি ব্যবস্থাপনা করতে হবে এবং এক্ষেত্রে যথাসম্ভব স্বয়ংক্রিয় ব্যবস্থা (Automation) প্রয়োগ করতে হবে। BRASS-I ও BRASS-II এই আরপিও এবং ইনভেন্টরি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রযোজ্য সকল আরপিও/নির্দেশনা/আদেশ এ বর্ণিত নীতিমালা অনুযায়ী হালনাগাদ করতে হবে।
- ৮। BRASS-I ও BRASS-II সিস্টেমে এসআর এবং পারচেজ ইন্ডেন্ট (পিআই) প্রদান প্রক্রিয়া অটোমেটেড করা হয়েছে বিধায় কেবল মাত্র এই সিস্টেমে প্রদত্ত এসআর, পারচেজ ইন্ডেন্ট (পিআই) বৈধ বলে গণ্য করে ক্রয়/সংগ্রহ প্রক্রিয়া করতে হবে।
- ৯। BRASS-I ও BRASS-II সিস্টেমে হালনাগাদ তথ্য প্রাপ্তি নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকল দপ্তর/ডিপো/কারখানা/ব্যবহারকারীকে আইসিসি হতে জারীকৃত নির্দেশনা অনুযায়ী অনলাইনে কার্য সম্পাদন করতে হবে। অফলাইনে সম্পাদিত কার্যাদির তথ্য ডকুমেন্ট অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/ডিপো/ কারাখানা/ ব্যবহারকারীকে অবিলম্বে BRASS-I ও BRASS-II সিস্টেমে পোস্টিং নিশ্চিত করতে হবে। পর্যায়ক্রমে সকল ভোক্তার মালামাল উত্তোলনের চাহিদাপত্র প্রদান এবং তাদের অনুকূলে ইস্যু প্রক্রিয়াসহ আরপিওতে বর্ণিত সকল প্রক্রিয়া অটোমেশন করতে হবে।
- ১০। BRASS-I এবং BRASS-II এ আইটেমভিত্তিক মনোনীত ক্রয়কারী দপ্তর (COS-E/COS-W/CCS), সপমেইড হলে প্রস্তুতকারী সপের নাম, আইটেমের উৎস, আইটেম ক্যাটাগরি, প্রতিটি আইটেমের জন্য আরপিও অনুযায়ী প্রযোজ্য মজুদ পুনর্ভরণ নীতি এবং প্রযোজ্য ক্ষেত্রে Minimum Order Quantity (MOQ) উল্লেখ থাকবে। এটি কেন্দ্রীয়ভাবে ইনভেন্টরি কন্ট্রোল সেল হতে পরিপালন করা হবে। ক্রয়কারী দপ্তর প্রযোজ্য ক্ষেত্রে আইটেমভিত্তিক MOQ পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল)-কে অবহিত করবে। MOQ অবহিত করা না হলে MOQ শূন্য বিবেচনা করে Purchase Indent (PI) প্রদান করতে হবে। ইনভেন্টরি ব্যবস্থাপনার নীতিকে প্রভাবিত করে এমন যে কোন বিষয় আইসিসিকে অবহিত করতে হবে, যাতে করে সে আলোকে BRASS-I এবং BRASS-II হালনাগাদ করা কার্যক্রম শুরু করা যায়।
- ১১। ইনভেন্টরি এবং প্রকিউরমেন্ট সংক্রান্ত লিড টাইম হ্রাসকরণে সরঞ্জাম বিভাগ প্রযোজ্য সকল ক্ষেত্রে যথাসম্ভব ডিজিটাইজেশন/ অটোমেশন করবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে এই আরপিও এর বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদানের উপযুক্ত কর্তৃপক্ষ বলে বিবেচিত হবেন এবং মজুদ সংকট/ মজুদশূন্যতা দূরীকরণে বা অন্য কোন কারণে স্থায়ী বিবেচনায় প্রয়োজন অনুভূত হলে কোন আইটেম বা কোন শ্রেণির সাময়িকভাবে বিশেষ জরুরী ব্যবস্থাগ্রহণের জন্য পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল) কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবেন।
- ১২। সরঞ্জাম ব্যবস্থাপনায় ডিজিটাল ব্যবস্থা প্রবর্তন/ অটোমেশন আনয়ন ও এর ক্রমাগত উন্নয়নে ইনভেন্টরি কন্ট্রোল সেল উদ্যোগী ভূমিকা পালন করবে এবং তা বাস্তবায়নে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের অনুমোদন/সম্মতিক্রমে আরপিও এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রয়োজনীয় প্রসিডিউর অর্ডার জারী এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করবে।
- ১৩। আরপিও জারীর তারিখ হতে এটি কার্যকর হবে এবং পূর্বের সংশ্লিষ্ট আরপিও নং ২৩৪/এ (তারিখ: ০৪/০৭/২০০১), আরপিও নং ২৩৬ (তারিখ: ১৫/০১/২০০২) এবং আরপিও নং ২৪৮ (তারিখ: ১৯/০৮/২০২১) বাতিল বা এই আরপিও-এর আলোকে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

অতি: মহা-পরিচালক (রোলিং স্টক) মহোদয়ের সদয় সাময়িক অনুমোদনক্রমে এ আরপিও জারী করা হলো।



(রুহুল কাদের আজাদ)  
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক  
বাংলাদেশ রেলওয়ে  
ফোন: ০১৭১১৫০৬১৪৪১

নং ৫৪.১৫৪৩.৪৫১.২২.০০১.১১ — ২৫৭

তারিখ: ০১ মার্চ ২০২২।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি ও অধীন দপ্তরসমূহকে অবহিত করাসহ প্রয়োজনীয় সদয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ২। প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম/লোকো), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ৩। প্রধান প্রকৌশলী(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী/ঢাকা।
- ৪। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব/পশ্চিম/টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী/ঢাকা।
- ৫। প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ৬। প্রধান পরিচালন তত্ত্বাবধায়ক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ৭। রেস্তুর, বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, হালিশহর, চট্টগ্রাম।
- ৮। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৯। সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ১০। প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ১১। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ১২। প্রধান কমান্ডেন্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ১৩। প্রধান সংস্থাপন কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) অবগতি ও অনুসরণের জন্য প্রেরণ করা হলো।

- ১। পরিচালক, ইনভেন্টরি কন্ট্রোল, বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
- ২। বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/সৈয়দপুর।
- ৩। প্রধান নির্বাহী (কেলোকা), বাংলাদেশ রেলওয়ে, পার্বতীপুর।
- ৪। পরিচালক (সংগ্রহ/লোকো মেইন্ট/যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫। অতিরিক্ত প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী।
- ৬। কর্ম-ব্যবস্থাপক (নির্মাণ), ক্যারেজ ও ওয়াগন কারখানা, পাহাড়তলী।
- ৭। কর্ম-ব্যবস্থাপক/ উৎপাদন প্রকৌশলী, সৈয়দপুর।
- ৮। কর্ম-ব্যবস্থাপক (উৎপাদন/মেরামত/রক্ষণাবেক্ষণ), কেলোকা/পাহাড়তলী/ পার্বতীপুর।
- ৯। কর্ম-ব্যবস্থাপক/ উৎপাদন প্রকৌশলী, সৈয়দপুর।
- ১০। কর্ম-ব্যবস্থাপক (ডিজেল), পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর।
- ১১। বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (লোকো), চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট।
- ১২। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী, চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট/সৈয়দপুর।
- ১৩। বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট/সৈয়দপুর।
- ১৪। বিভাগীয় প্রকৌশলী (সকল), চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট।
- ১৫। বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা, চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট।
- ১৬। বিভাগীয় পরিবহন কর্মকর্তা, চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট।
- ১৭। উপ-পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল), সিআরবি, চট্টগ্রাম।
- ১৮। জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক (সার্বিক/ডিপো/পরিদর্শন/শিপিং/ক্রয়-১/ক্রয়-২), পাহাড়তলী/সৈয়দপুর।
- ১৯। সিনিয়র সহকারী/সহকারী নির্বাহী প্রকৌশলী (ইনচার্জ), সৈয়দপুর।
- ২০। সিনিয়র সহকারী/সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী, (জিইআর/ কারখানা/এসিটিএল), চট্টগ্রাম।
- ২১। সিনিয়র সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক (প্রিন্টিং/ডিপো/কেলোকা/ ডিজেল/ শিপিং), পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর/ সৈয়দপুর।
- ২২। সিনিয়র সহকারী পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল), সিআরবি, চট্টগ্রাম।
- ২৩। সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক (সদর/ডিপো/পরিদর্শন/ ক্রয়-১/ ক্রয়-২/ ক্রয়-৩/ শিপিং), পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর/ সৈয়দপুর।
- ২৪। প্রশিক্ষণ কর্মকর্তা/ সিনিয়র ইন্সট্রাক্টর (সরঞ্জাম), বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, হালিশহর, চট্টগ্রাম।
- ২৫। এএও (পি ও জি), এই দপ্তর।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। অতি:মহাপরিচালক (উন্নয়ন/অবকাঠামো/রোলিং স্টক/ অপারেশন/ এমএন্ডসিপি/ অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
- ৪। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), রেলভবন, ঢাকা-কে আরপিও-টি রেলওয়ের ওয়েবসাইটে আপলোড এবং স্থায়ীভাবে সংরক্ষণের অনুরোধসহ সফটকপি ই-মেইলে প্রেরণ করা হলো।

০১/৩/২২

(রুহুল কাদের আজাদ)  
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক  
বাংলাদেশ রেলওয়ে  
ফোন: ০১৭১১৫০৬১৪৪।